

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৫৪

সোনামুড়া, ১১ ডিসেম্বর, ২০২৩

রাজ্যে ন্যূনতম সহায়কমূল্যে খারিফ ধান ক্রয়ের সূচনা
সরকার কৃষকদের আয় দ্বিগুণ করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে : খাদ্যমন্ত্রী

২০২৪ সালের মধ্যে দেশের কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্য নেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার এই লক্ষ্যপূরণে কৃষকদের কল্যাণে বিভিন্ন পরিকল্পনা নিয়েছে। রাজ্য সরকারও কৃষকদের আয় দ্বিগুণ করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আজ সোনামুড়া মহকুমার বৈরাগীবাজারের নাটমন্দিরে কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়কমূল্যে খারিফ ধান ক্রয়ের সূচনা করে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী বলেন, ২০১৮ সালে বর্তমান রাজ্য সরকার ক্ষমতায় এসে কৃষির বিকাশ ও কৃষকের কল্যাণে বিভিন্ন পরিকল্পনা নিয়েছে। এরমধ্যে অন্যতম হলো কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়কমূল্যে ধান ক্রয়। এতে রাজ্যের কৃষকরা লাভবান হচ্ছেন। কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্যে এই কর্মসূচি সহায়ক ভূমিকা নিচ্ছে।

অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী বলেন, কৃষকদের কাছ থেকে খারিফ ধান ক্রয়ের জন্য রাজ্যের ৪৯টি ধান ক্রয় কেন্দ্র খোলা হয়েছে। এরমধ্যে সিপাহীজলা জেলাতে রয়েছে ৯টি ধান ক্রয় কেন্দ্র। খাদ্যমন্ত্রী বলেন, আগামীদিনে রাজ্যের ৫৮টি ব্লকে ১টি করে ধান ক্রয় কেন্দ্র খোলা হবে। রাজ্যে এবার ৫০ হাজার মেট্রিকটন খারিফ ধান ক্রয় করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এবার কৃষকদের কাছ থেকে কুইন্টাল প্রতি ২ হাজার ১৮৩ টাকা দরে ধান ক্রয় করা হবে। রাজ্যে এখন পর্যন্ত কৃষকদের কাছ থেকে ১ লক্ষ ৭৫ হাজার ৭৮১ মেট্রিকটন ধান ক্রয় করা হয়েছে। এতে কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি ৩২৭.৯ কোটি টাকা দেওয়া হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক বিন্দু দেবনাথ, নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান জওহরলাল ঘোষ, সমাজসেবী দেবব্রত ভট্টাচার্য, সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক ভি এল দোয়াতি, সোনামুড়া মহকুমার মহকুমা শাসক মানিকলাল দাস প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন কৃষি অধিকর্তা শরদিন্দু দাস।
